গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

বিষয়ঃ **মধ্যমেয়াদি বাজেট কাঠামোর অআওতায় বাজেট পরিপত্র-১ অনুসারে অর্থ বিভাগ প্রদত্ত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও ব্যয়সীমা বিভাজন খসড়া অনুমোদনের জন্য অনুষ্ঠিত বাজেট ওয়াকিং গ্রুপ সভার কার্যবিবরণী।**

সভাপতি : রওশন আরা বেগম
অতিরিক্ত সচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময় : ১৩ জানুয়ারি, ২০২১, দুপুর ১২:০০ টা।
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং-৪, কক্ষ নং-১০৪)।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ১. | জনাব মোমেনা খাতুন, যুগ্মসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। |
| ২. | জনাব আবুল খায়ের মোঃ মারুফ হাসান, উপসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। |
| ৩. | জনাব আব্দুর রহমান, উপ-পরিচালক, দুর্যোগ ব্যবস্হাপনা অধিদপ্তর। |
| ৪. | জনাব মোঃ কোরবান আলী, উপসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। |
| ৫. | জনাব শ্রীনিবাস, উপসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। |
| ৬. | জনাব মোঃ শাহজাহান, সিনিয়র সহকারী সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। |
| ৭. | জনাব আবু ইউসুফ মোঃ রাসেল, সিনিয়র সহকারী সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। |
| ৮. | জনাব মোঃ নূরুল ইসলাম, সহকারী সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট)-কে অনুরোধ জানান। উপসচিব (বাজেট) জানান মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যমেয়াদি বাজেট কাঠামো সংশোধণ ও হালনাগাদকরণের জন্য অর্থ বিভাগ হতে বাজেট পরিপত্র-১ জারি করা হয়েছে। আগামী ২০২১-২২ অর্থ বছরের প্রাক্কলন এবং ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট প্রক্ষেপণ প্রণয়নের জন্য রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও ব্যয়সীমা পাওয়া গিয়াছে।সভায় পরিপত্রের আলোকে প্রস্তুতকৃত মধ্যমেয়াদি বাজেট কাঠামোর খসড়া এবং রাজস্ব প্রাপ্তি ও ব্যয়সীমা বিভাজনের খসড়া উপস্হাপন করা হয় যা চূড়ান্তকরণের জন্য বাজেট ব্যবস্হাপনা কমিটির সভায় উপস্হাপন করা হবে।

আলোচ্য বিষয়ঃ **১:** দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের খসড়া **MBF** পর্যালোচনা।

সভায় উপস্থাপিত মধ্যমেয়াদি বাজেট কাঠামো সবিস্তারে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, এ মন্ত্রণালয়ের প্রধান কার্যাবলি এবং কৌশলগত উদ্দেশ্য ও প্রধান কার্যক্রমসহ বাজেট কাঠামো বিগত অর্থ বছরে বিস্তারিত পর্যালোচনা করা হয় বিধায় নতুন কিছু অন্তর্ভূক্ত করা হয় নাই। তবে যেখানে প্রয়োজন সেখানে বিগত অর্থ বছরে বাজেট কাঠামো চলতি অর্থ বছরে হালনাগাদ করা যেতে পারে। এ প্রসঙ্গে উপসচিব (বাজেট) জানান যে, এ মন্ত্রণালয়ের সাম্প্রতিক অর্জনসহ দ্বিতীয় ভাগের প্রয়োজনীয় অংশে সংশোধন করা হবে।

আলোচ্য বিষয়-২ : রাজস্ব প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ লক্ষ্যমাত্রা।

উপসচিব (বাজেট) মন্ত্রণালয় ও অধিদপ্তরের মধ্যে অর্থ বিভাগ প্রদত্ত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা বিভাজনের খসড়া সভায় উপস্থাপন করেন। কমিটির উপস্থিত সদস্যগণ রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নরূপ বিভাজনে সম্মতি জ্ঞাপন করেন।

<u>রাজস্ব প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ নিম্নরূপঃ</u> (কোটি টাকায়)

| মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা/অপারেশন ইউনিট | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| রাজস্ব আয়ের প্রাথমিক লক্ষ্যমাত্রা | ৯১.৪৯ | ১০০.৬৪ | ১১০.৭০ | ১২১.৭৭ |
| ১৪৯০১০১- সচিবালয় | ৫০.৫৩ | ৫৫.৫৮ | ৬১.১৪ | ৬৭.২৫ |
| ১৪৯০২০১-দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | ৪০.৯৬ | ৪৫.০৬ | ৪৯.৫৬ | ৫৪.৫২ |
| মোট | ৯১.৪৯ | ১০০.৬৪ | ১১০.৭০ | ১২১.৭৭ |

আলোচ্য বিষয়-৩ : দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পরিচালন ও উন্নয়ন ব্যয়সীমা।

উপসচিব (বাজেট) অর্থ বিভাগ হতে প্রাপ্ত ব্যয়সীমার আলোকে সচিবালয়, অধিদপ্তর ও সংস্থারপরিচালন ব্যয় এবং উন্নয়ন ব্যয়ের প্রাথমিক খসড়া সভায় উপস্থাপন করেন। এতদবিষয়ে আলোচনান্তে সভায় উপস্থিত সচিবালয়, অধিদপ্তর, সংস্থা এবং উন্নয়ন ও পরিকল্পনা অধিশাখার কর্মকর্তাগণ উপস্থাপিত ২০২১-২২ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট প্রক্ষেপণ বিষয়ে তাদের সম্মতি জ্ঞাপন করেন। নিম্নে খাতওয়ারী বিভাজন উপস্থাপন করা হলোঃ

<u>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পরিচালন ও উন্নয়ন ব্যয়সীমাঃ</u>

| মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা/অপারেশন ইউনিট | কোটি টাকায় | | | |
|---|---|---|---|---|
| | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
| | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| মন্ত্রণালয়/বিভাগের জন্য প্রদত্ত প্রস্তাবিত ব্যয়সীমা | ৯৮৩৫.৭৩ | ১০৭৪১.৫১ | ১১৮১৫.৬৭ | ১২৯৯৭.২৪ |
| মন্ত্রণালয়/অধিদপ্তর/অপারেশন ইউনিটসমূহ | | | | |
| ১৪৯০১০১- সচিবালয় | | | | |
| পরিচালন-সাধারণ কার্যক্রম | ৪২.৪৫ | ৪৭.০০ | ৫১.৭০ | ৫৬.৮৮ |
| বিশেষ কার্যক্রম (ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম, ত্রাণ কাজে সেনাবাহিনী নিয়োগ এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদা) | ৫১১৬.৫৭ | ৫৫৮৭.৩০ | ৬১৪৬.০৪ | ৬৭৬০.৬৩ |
| সহায়তা কার্যক্রম (সিপিপি) | ২৫.০০ | ২৭.০০ | ২৯.৭০ | ৩২.৬৭ |
| মোট পরিচালন | ৫১৮৪.০২ | ৫৬৬১.৩০ | ৬২২৭.৪৪ | ৬৮৫০.১৮ |
| উন্নয়ন কার্যক্রম | ২৫৬০.১৪ | ২৭৯৫.৬৭ | ৩০৭৫.২৪ | ৩৩৮২.৭৬ |
| মোট | ৭৭৪৪.১৬ | ৮৪৫৬.৯৭ | ৯৩০২.৬৮ | ১০২৩২.৯৪ |
| ১৪৯০২০১-দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | | | | |
| পরিচালন কার্যক্রম | ৩৯.৫০ | ৪৩.৫০ | ৪৭.৮৫ | ৫২.৬৫ |
| উন্নয়ন কার্যক্রম | ১৯৩০.২৩ | ২১০৮.০০ | ২৩১৮.৮০ | ২৫৫০.৬৮ |
| মোট | ১৯৬৯.৭৩ | ২১৫১.৫০ | ২৩৬৬.৬৫ | ২৬০৩.৩৩ |
| ১৪৯০২০২-জেলা ত্রাণ কার্যালয়সমূহ | | | | |
| পরিচালন কার্যক্রম | ৩৫.০০ | ৩৮.২২ | ৪২.০৪ | ৪৬.২৪ |
| ১৪৯০২০৩-উপজেলা ত্রাণ কার্যালয়সমূহ | | | | |
| পরিচালন কার্যক্রম | ৮৬.০৯ | ৯৪.০০ | ১০৩.৪০ | ১১৩.৭৪ |
| ১৪৯০২০৪-মেট্রো থানা কার্যালয় | | | | |
| পরিচালন কার্যক্রম | ০.৭৫ | ০.৮২ | ০.৯০ | ০.৯৯ |
| মোট (পরিচালন+বিশেষ+সহায়তা কার্যক্রম) | ৫৩৪৫.৩৬ | ৫৮৩৭.৮৪ | ৬৪২১.৬৩ | ৭০৬৩.৮০ |
| মোট উন্নয়ন কার্যক্রম | ৪৪৯০.৩৭ | ৪৯০৩.৬৭ | ৫৩৯৪.০৪ | ৫৯৩৩.৪৪ |
| সর্বমোট (পরিচালন+বিশেষ+সহায়তা+ উন্নয়ন কার্যক্রম) | ৯৮৩৫.৭৩ | ১০৭৪১.৫১ | ১১৮১৫.৬৭ | ১২৯৯৭.২৪ |

**সিদ্ধান্তঃ**

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

(ক) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ১ম ভাগের খসড়া মন্ত্রণালয়ের বাজেট অধিশাখা এবং ২য় ভাগের খসড়া দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর আগামী ২২/০১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রস্তুত করবে;

(খ) এ মন্ত্রণালয়ের রাজস্ব প্রাপ্তির ২০২১-২২ অর্থ বছরের প্রারম্ভিক প্রাক্কলন এবং ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের প্রক্ষেপণ লক্ষ্যমাত্রার খসড়া অনুমোদন করা হয়;

(গ) পরিচালন ও উন্নয়ন ব্যয়ের জন্য ২০২১-২২ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট প্রক্ষেপণের উপস্থাপিত খসড়া অনুমোদন করা হয়;

(ঘ) অনুমোদিত খসড়া প্রতিবেদনগুলো বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করা হবে।

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিতঃ ১৪/০১/২০২১
( রওশন আরা বেগম )
অতিরিক্ত সচিব (বাজেট)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নং-৫১.০০.০০০০.২২০.২০.০০১.২০(অংশ-১)-০৩/১(৭)

তারিখঃ ৩০ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ / ১৪ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।
২। পরিচালক, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, ৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা।
৩। যুগ্মসচিব (বাজেট/ত্রাণ-২/পরিকল্পনা)দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৪। উপসচিব (পরিকল্পনা/ত্রাণ-১) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ ,মন্ত্রণালয়।
৫। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৬। সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা/ত্রাণ-১), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

অনুলিপিঃ জ্ঞাতার্থেঃ

১। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪/০১/২০২১

( মোঃ কোরবান আলী )
উপসচিব (বাজেট)
ফোনঃ ৯৫৭৪৪৯৬
Email:korban.ali@modmr.gov.bd